

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮১৬

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ চাশতের নামাযের ফ্যীলত

## আরবী

عَن بُرَيْدَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ فِي الْإِنْسَانِ ثَلَاثُ مِائَةٍ وَسِتُّونَ مَفْصِلًا فَعَلَيْهِ أَنْ يَتَصِدَّقَ عَن كُلِّ مَفْصِلٍ فِي كُلِّ يَوْم بِصِدَقَةٍ قَالُواْ وَمَنْ يُطِيقُ ذَلِكَ يَا رَسُولَ اللهِ قَالَ النُّخَاعَةُ تَرَاهَا فِي الْمَسْجِدِ فَتَدْفِنُهَا أَوْ الشَّيْءُ تُنَحِّيهِ عَن الطَّرِيقِ فَإِنْ لَمْ تَقْدِرْ فَرَكْعَتَا الضَّحَى تُجْزِئُكَ

## বাংলা

(৮১৬) বুরাইদাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মানবদেহে ৩৬০টি গ্রন্থি আছে। প্রত্যেক ব্যক্তির উপর ঐ প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে দেয় সদকাহ রয়েছে। সকলে বলল, এত সদকাহ দিতে আর কে সক্ষম হবে, হে আল্লাহর রসূল? তিনি বললেন, মসজিদ হতে কফ (ইত্যাদি নোংরা) দূর করা, পথ হতে কষ্টদায়ক বস্তু (কাঁটা-পাথর প্রভৃতি) দূর করা এক একটা সদকাহ। যদি তাতে সক্ষম না হও, তবে দুই রাকআত চাশতের নামায় তোমার সে প্রয়োজন পূর্ণ করবে।

## ফুটনোট

(আহমাদ ২৩০৩৭,ও শব্দগুলি তাঁরই, আবু দাউদ ৫২৪৪, ইবনে খুযাইমাহ ১২২৬, ইবনে হিব্বান ২৫৪০, সহীহ তারগীব ৬৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন